

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৭০০.২২ নথির বিষয়: “Borehole Camera Operation”-শীর্ষক প্রশিক্ষণ
নোট: ২ নোটের বিষয়: “Borehole Camera Operation”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স (৩য় ব্যাচ) আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ২.০ - তারিখ: ২৯/১১/২৩ ২:৩৭ অপরাহ্ন

বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা বরাবর নির্বাহী প্রকৌশলী, এফ.এম. বিভাগ-২ কর্তৃক প্রেরিত পত্রটি সদয় অবলোকন করা যেতে পারে (কপি সংযুক্ত)। পত্রে তিনি উল্লেখ করেছেন যে, ঢাকা ওয়াসার মডস সার্কেল-২ এর অধীনে গভীর নলকূপের মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ এফ. এম. বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। গভীর নলকূপের বিভিন্ন সমস্যার সৃষ্টি হলে (যেমন কূপে বালি পাথর উঠা, হাউজিং পাইপ ও বাইনডিং পাইপ ক্ষতিগ্রস্ত হওয়া) এবং রিজেনারেশন/রিহ্যাবিলিটেশন কাজের পরে কূপের অভ্যন্তরের পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য Borehole Camera ব্যবহার করা প্রয়োজন পড়ে। এফ. এম. বিভাগ-২ এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের “Borehole Camera Operation” এ পর্যাপ্ত প্রশিক্ষণ না থাকায় এ ব্যাপারে অনেক সময় গভীর নলকূপের গভীর পর্যবেক্ষণ করে সিদ্ধান্ত নেয়া সম্ভব হয়ে উঠে না। বর্ণিত বিষয়ে প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয়ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন (কপি সংযুক্ত)।

সংযুক্তিসমূহ (১):

১। Executive Engineer Letter FM-2.PDF.

অনুচ্ছেদ ২.১ - তারিখ: ২৯/১১/২৩ ২:৩৯ অপরাহ্ন

এমতাবস্থায়, এফ. এম. বিভাগ-২ এ কর্মরত ১৫ (পনের) জন কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের সাবিক তত্ত্বাবধানে এবং এফ.এম. বিভাগ-২ এর সহায়তায় ৩য় ব্যাচ আগামী ২১ ফেব্রুয়ারি ২০২৩ ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত সময়ে এফ. এম. বিভাগ-২ এর কম্পাউন্ডে আয়োজন করা যেতে পারে। কোর্সটিতে অংশগ্রহণকারী সহকারী প্রকৌশলী, উপ-সহকারী এবং অন্যান্য কর্মচারীগণ যাতে Borehole Camera Operation পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং তদসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সম্যক তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করতে পারে সে আলোকে কোর্স প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। এফ.এম. বিভাগের নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রেরিত প্রশিক্ষণার্থীদের তালিকা (কপি সংযুক্ত) দেখা যেতে পারে। কোর্সটিতে ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ও পারদর্শী কর্মকর্তাদের বক্তৃতা প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য যে, প্রশিক্ষণার্থীদেরকে Borehole Camera Operation পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এর ব্যবহার দেখানোর জন্য ঢাকা ওয়াসার এফএম-২ বিভাগ এর Borehole Camera ব্যবহার করা হবে এবং এফএম-১ এর Borehole Camera এফএম-২ বিভাগ এ আনয়নের প্রয়োজন হবে। কোর্স শুরুর পূর্বেই এ ব্যাপারে সহায়তা করার জন্য সংশ্লিষ্ট বিভাগের নির্বাহী প্রকৌশলী বরাবর পত্র প্রেরণ করা হবে।

সংযুক্তিসমূহ (২):

১। Program FM-2.PDF.

২। Participants FM-2.PDF.

অনুচ্ছেদ ২.২ - তারিখ: ২৯/১১/২৩ ২:৪১ অপরাহ্ন

উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপ:

ক্র. ন	খাত	সম্ভাব্য ব্যয়	বিবরণ
--------	-----	----------------	-------

১.	প্রশিক্ষকদের সম্মানী	৪,২০০/-	(১ সেশন ১,৫০০/- + ২ সেশন ১,০০০/- + ১ সেশন ৭০০/-)
২.	প্রশিক্ষার্থীদের ভাতা	৬,৬০০/-	(১৫ জন, ১ দিন, ৫০০/- ও ৪০০/- টাকা হারে)
৩.	প্যাড ও কলম	১,৩৫০/-	(১৫ জন x ৯০/- টাকা হারে)
৪.	পাটের তৈরী ব্যাগ	৪,১২৫/-	(১৫ জন x ২৭৫/- টাকা হারে)
৫.	২ বেলা নাস্তা ও দুপুরের খাবার (প্রশিক্ষার্থী, বক্তা ও স্টাফসহ)	১২,৫০০/-	(২৫ জন, ১ দিন x ৫০০/- টাকা হারে)
৬.	পানি	৭২০/-	(৬ কেস x ১২০/- টাকা হারে)
৭.	ফিল্ড ভিজিট, ফটোকপি ও বিবিধ ব্যয়	৩,০০০/-	
মোট ব্যয় =		৩২,৪৯৫/-	

সর্বমোট = ৩২,৪৯৫/- (বত্রিশ হাজার চারশত পঁচানব্বই)

টাকা মাত্র।

অনুচ্ছেদ ২.৩ - তারিখ: ২৯/১১/২৩ ২:৪২ অপরাহ্ন

এমতাবস্থায়, ১ টি ব্যাচের সর্বমোট ১৫ (পনের) জন প্রশিক্ষার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে স্থানীয় প্রশিক্ষণ খাতের বরাদ্দ হতে উক্ত কোর্সের সর্বমোট = ৩২,৪৯৫/- (বত্রিশ হাজার চারশত পঁচানব্বই) টাকা মাত্র ব্যয়ের এবং প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হল।



২৯/১১/২৩ ২:৪২ অপরাহ্ন
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র



২৯/১১/২৩ ৪:৫২ অপরাহ্ন
মোঃ আজহারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

২৯/১১/২৩ ৪:৫২ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ-খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ২.৪ - তারিখ: ১৩/১২/২৩ ৫:২৮ পূর্বাহ্ন

Okay


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



১৩/১২/২৩ ৫:২৮ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



১৩/১২/২৩ ১১:২৭ পূর্বাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



১৩/১২/২৩ ১১:৫৭ পূর্বাহ্ন
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (প্রশাসন
ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র